ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়
৮, ডিআইটি এভিনিউ, ঢাকা।
মূল্য সংবেদনশীল তথ্য

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৮ সেপ্টেম্বর, ২০১১ তারিখ বেলা ৩:০৫ ঘটিকায় অনুষ্ঠিত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পরিচালক পর্ষদের ৩৮৭তম সভায় ৩০ জুন, ২০১১ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য আইসিবির ১০০ টি সাধারণ শেয়ারের বিপরীতে ৩৫টি বোনাস শেয়ার এবং প্রতিটি ১০০.০০ টাকা অভিহিত মূল্যের শেয়ারের বিপরীতে ১৫.০০ টাকা হারে নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করা হয়েছে। উল্লেখিত বছরে আইসিবি কর পরবর্তী নীট মুনাফা অর্জন করেছে ৩৮৫.৫২ কোটি টাকা, নীট সম্পদ মূল্য (এনএভি) শেয়ার প্রতি ১০৩১.৬২ টাকা, শেয়ার প্রতি আয় (ইপিএস) ১৫৪.২১ টাকা এবং নীট অপারেটিং ক্যাশ-ফ্লো পার শেয়ার টাকা ১৫৬.৪২ যা বিগত অর্থবছরে ছিল যথাক্রমে কর পরবর্তী নীট মুনাফা ৩১৩.০৪ কোটি টাকা, নীট সম্পদ মূল্য (এনএভি) শেয়ার প্রতি ৯৩৬.৯৫ টাকা, শেয়ার প্রতি আয় (ইপিএস) ১২৫.২২ টাকা (Restated)।

পরিচালক পর্ষদের আদেশক্রমে,

মোঃ মসিউর রহমান
সচিব

তারিখঃ-**১৮ সেপ্টেম্বর, ২০১১** ।

Investment Corporation of Bangladesh
Head Office
8, D.I.T. Avenue, Dhaka

PRICE SENSITIVE INFORMATION

This is for information of all concerned that the Board of Directors of Investment Corporation of Bangladesh (ICB) at its 387th meeting held on 18 September, 2011 at 3.05 p.m has recommended 35 bonus share for 100 ordinary shares and cash dividend Tk.15.00 per share of Tk. 100.00 each for the year ended 30 June, 2011. ICB earned Net profit after tax Tk.385.52 crore, NAV per share Tk.1031.62 Earning Per Share (EPS) Tk. 154.21 and Net Operating Cash Flow per Share Tk.156.42 for the year 2010-11.Whereas, the Net profit after tax of the previous year was Tk.313.04 crore, NAV per share Tk.936.95, Earning Per Share (EPS) Tk. 125.22 (Restated).

By Order of the Board of Directors,

Md. Moshiur Rahman
Secretary

Dated:-18 September, 2011.

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।
পঁয়ত্রিশতম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর শেয়ারমালিকগণের পঁয়ত্রিশতম বার্ষিক সাধারণ সভা আগামী ২২ অক্টোবর ২০১১, শনিবার, সকাল ১১:০০ ঘটিকায় জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর মিলনায়তনে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের নিমিত্তে অনুষ্ঠিত হবে ঃ

(০১) ২৮ অক্টোবর, ২০১০ তারিখে অনুষ্ঠিত চৌত্রিশতম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অবহিতকরণ;

(০২) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর ৩০ জুন, ২০১১ তারিখে সমাপ্ত বছরের বার্ষিক প্রতিবেদন ও নিরীক্ষিত হিসাব গ্রহণ, বিবেচনা এবং অনুমোদন;

(০৩) পর্ষদ কর্তৃক সুপারিশকৃত লভ্যাংশ অনুমোদন;

(০৪) সভাপতির অনুমতিক্রমে অন্য কোন বিষয়।

পরিচালক পর্ষদের আদেশক্রমে,

মোঃ মসিউর রহমান
সচিব

তারিখঃ-১৮ সেপ্টেম্বর, ২০১১।

বিশেষ দ্রষ্টব্যঃ

(১) রেকর্ড ডেট ঃ ২৮ সেপ্টেম্বর, ২০১১, বুধবার ;

(২) প্রক্সি নিয়োগপত্র লিখিতভাবে হতে হবে এবং প্রত্যেক শেয়ারমালিককে নিজ হস্তে অথবা ক্ষমতা অর্পন পত্রের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত আইনসম্মত প্রতিনিধির মাধ্যমে এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে সাধারণ সীলমোহর অথবা এ উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত আইনসম্মত প্রতিনিধির মাধ্যমে তা সম্পাদন করতে হবে;

(৩) প্রক্সিপত্র অবশ্যই তারিখ উল্লেখপূর্বক প্রয়োজনীয় রেভিনিউ স্ট্যাম্পসহ সভার নির্ধারিত সময়ের অন্ততঃ ৭২(বাহাত্তর) ঘন্টা পূর্বে আইসিবি প্রধান কার্যালয়ে জমা দিতে হবে, অন্যথায় তা বৈধ বলে বিবেচিত হবে না;

(৪) বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণযোগ্য যে কোন শেয়ারমালিক তাঁর স্বপক্ষে সাধারণ সভায় অংশগ্রহণের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। তবে ভোট প্রদানে যোগ্যতাসম্পন্ন শেয়ারমালিক নন এমন কোন ব্যক্তিকে প্রক্সি নিয়োগ করতে পারবেন না।

Investment Corporation of Bangladesh
Head Office, Dhaka

NOTICE OF THE THIRTY-FIFTH ANNUAL GENERAL MEETING

Notice is hereby given that the Thirty-fifth Annual General Meeting of the Shareholders of the Investment Corporation of Bangladesh (ICB) will be held on Saturday, 22 October, 2011 at 11:00 a.m. at the Auditorium of National Sports Council Tower (NSC Tower), 62/3, Purana Palton, Dhaka-1000 for transaction of the following business;

1. To place the minutes of the Thirtyfourth Annual General Meeting held on 28 October, 2010 for information;
2. To receive, consider and adopt the Annual Report and Audited Accounts of Investment Corporation of Bangladesh for the year ended 30 June 2011;
3. To approve dividend as recommended by the Board;
4. Any other business with the permission of the Chair.

By Order of the Board of Directors,

Md. Moshiur Rahman
Secretary

Dated:-**18 September, 2011.**

Notes:

1. Record Date is fixed on 28th September, 2011, Wednesday.
2. The instrument appointing a proxy shall be in writing and in the case of an individual shareholder under the hand of the shareholder or his / her attorney authorised in this behalf by a Power of Attorney and in case of an institution under its common seal or under the hand of its attorney authorised in this behalf.
3. A proxy shall not be valid unless it is dated and properly stamped and unless it is lodged with ICB, head office at least 72 (seventy two) hours before the time fixed for the meeting.
4. No person shall be appointed as a proxy, nor shall any person act as such, who is not a shareholder qualified to vote at the general meeting in respect of which the proxy is given.

Secretary's Division

Press Release

Date :**18 September, 2011**

The Board of Directors of the Investment Corporation of Bangladesh (ICB) in its meeting held on 18 September, 2011 has approved the Balance Sheet and Profit & Loss Account of the Corporation for the year 2010-11. The Board observed that, ICB has earned Tk.385.52 crore as net profit for the year ended 30 June, 2011 which was Tk. 72.47 crore (Restated) higher than the last year showing an increase by 23.15%. The Board has recommended cash dividend @ Tk.15.00 per share of Tk. 100.00 each and stock dividend @ 35% (i.e.35 bonus share for every 100 ordinary shares) for the year 2010-11.Three Subsidiary Companies of ICB performing profitably. ICB Board opinioned that this attractive net profit earning was possible through prudent management and professional commitment of all employees of the Corporation. The Board of Directors expressed gratitude to the investors for their trust and confidence on ICB. Board also thanked the Securities and Exchange Commission, Dhaka Stock Exchange Ltd., Chittagong Stock Exchange Ltd. and other stakeholders for their unflinching support and co-operation towards the management of ICB.

(**Md. Moshiur Rahman**)
Secretary

Cell phone : 01730322904

সচিব ডিভিশন

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখঃ-**১৮ সেপ্টেম্বর, ২০১১**

১৮ সেপ্টেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পরিচালক পর্ষদের ৩৮৭তম সভায় কর্পোরেশনের ২০১০-১১ অর্থবছরের স্থিতিপত্র ও লাভ-লোকসান হিসাব অনুমোদিত হয়। কর্পোরেশন ২০১০-১১ অর্থবছরে ৩৮৫.৫২ কোটি টাকা নীট মুনাফা করেছে যা বিগত অর্থবছরের চেয়ে ৭২.৪৭ কোটি টাকা (Restated) অর্থাৎ ২৩.১৫% বেশি। পর্ষদ শেয়ারমালিকগণকে ৩০ জুন, ২০১১ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য কর্পোরেশনের ১০০.০০ টাকা অভিহিত মূল্যের প্রতিটি শেয়ারের জন্য ১৫.০০ টাকা হারে নগদ লভ্যাংশ এবং ৩৫% স্টক ডিভিডেন্ড অর্থাৎ বোনাস শেয়ার প্রদানের সুপারিশ করেছে। এছাড়া আইসিবি ৩টি সাবসিডিয়ারি কোম্পানিকে লাভজনক অবস্থানে রেখে পরিচালনা করে আসছে। পর্ষদ কর্পোরেশনের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা, বিচক্ষণতা এবং নিষ্ঠার সাথে দায়িত্ব পালনে ধন্যবাদ জ্ঞাপন করে। পর্ষদ আইসিবির প্রতি অবিচল বিশ্বাস ও আস্থা রাখার জন্য বিনিয়োগকারীদের এবং অকুন্ঠ সমর্থন ও সহযোগিতার জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এবং সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করে।

(মোঃ মসিউর রহমান)
সচিব

মোবাইল-০১৭৩০৩২২৯০৪